



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
www.naem.gov.bd



নং-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫/৭২২

তারিখ: ২৫/০৭/২০২১ বঙ্গাব্দ  
৩০/০৭/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: ১৭তম ইংলিশ ল্যাংগুয়েজ চিটিং (ইএলটি) কোর্স-এর প্রশিক্ষণার্থী মনোনয়ন ও প্রশিক্ষণ ভেনু নির্ধারণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ১৯ অক্টোবর ১৪২৮ থেকে ৩০ অক্টোবর ১৪২৮ বঙ্গাব্দ/ ৪ ডিসেম্বর ২০২১ থেকে ১৫ ডিসেম্বর ২০২১ খ্রি. মেয়াদে (১২ দিন ব্যাপী) মাধ্যমিক পর্যায়ে ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য আয়োজিত কোর্সটি বরগুনা জেলার ০৫টি উপজেলার ০৫টি ভেনুতে একযোগে অনুষ্ঠিত হবে। এজন্য তাঁর আওতাধীন সদর উপজেলাসহ অপর ০৪টি উপজেলায় ০১টি করে মোট ০৫টি প্রশিক্ষণ ভেনু নির্ধারণ করে (সার্বক্ষণিক বিদ্যুৎ ও মাল্টিমিডিয়া সুবিধাসহ) মাধ্যমিক পর্যায়ে সরকারি/বেসরকারি এমপিওভুক্ত (মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদরাসা) শিক্ষা প্রতিষ্ঠান থেকে অগ্রাধিকার বিবেচনায় অনধিক ০৩(তিন) জন করে (প্রতি ভেনুতে ৩০ জন) মোট ১৫০জন(সরকারি/এমপিওভুক্ত) ইংরেজি বিষয়ের শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি:

১. প্রশিক্ষণ শুরুর দিন সকাল ০৮:৩০টার মধ্যে ভেনুতে উপস্থিত হয়ে নিবন্ধন করতে হবে। প্রতিদিন সকাল ০৯:০০টা থেকে বিকাল ০৫:০০টা পর্যন্ত প্রশিক্ষণ চলাবে। প্রশিক্ষণার্থীগণকে পাসপোর্ট সাইজের ২কপি ছবি, সর্বশেষ এমপিও-এর ফটোকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত ছাড়পত্র সঙ্গে আনতে হবে;

২. প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে বিধিমোতাবেক প্রশিক্ষণ ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। যেসকল শিক্ষকগণ এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;

৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর স্মারক নম্বর মাউশি প্র/বা-ইউ/৫২৮০, তারিখ: ১০-০১-১৯ এবং

৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত শিক্ষকগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাঁর প্রতিষ্ঠান থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৪. শারীরিক অসুস্থতা (ঠান্ডা, জ্বর থাকলে) এবং যে সমস্ত শিক্ষকগণের বয়স ৫৮বৎসর অতিক্রম করেছে বা পূর্বে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;

৫. কোনো যৌক্তিক কারণে এ প্রশিক্ষণে অংশগ্রহণে অপর্যাপ্ত হলে তাঁর পরিবর্তে প্রতিষ্ঠানের অন্য শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে যদি তিনি উপরিউক্ত শর্তসমূহ পূরণ করে থাকেন;

৬. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় জানার প্রয়োজন হলে এ কোর্সের কোর্স পরিচালক জনাব মো: আব্দুল মান্নান চৌধুরী, উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), সেল নম্বর: ০১৭১২-৬১২৯৯২ অথবা কোর্স সমন্বয়ক জনাব তৌহিদ হাসান, টিচার ট্রেনার, সেল নম্বর: ০১৭১২-৬৩৩৭৮৩ ও জনাব শাহ মো: আব্দুল মাবুদ, টিচার ট্রেনার, সেল নম্বর: ০১৭১২-৬৬৪৭২৭ এ যোগাযোগ করা যেতে পারে;

৭. আমন্ত্রণপত্রটি নায়েম এর ওয়েবসাইট (www.naem.gov.bd) এ পাওয়া যাবে।

উল্লিখিত কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীগণের তালিকা (নাম, পদবী, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের নাম ইংরেজিতে) এবং প্রশিক্ষণ ভেনু নির্ধারণ করে আগামী ৩ অক্টোবর ১৪২৮ বঙ্গাব্দ / ১৮ নভেম্বর ২০২১ খ্রি. এর মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত এবং সফট কপি (MS Word ও Pdf Format-এ) ttouhid.naem@gmail.com অথবা ttmabud.naem@gmail.com ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।

প্রাপক  
জেলা শিক্ষা অফিসার  
বরগুনা

নং-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫/৭২২

তারিখ: ২৫/০৭/২০২১ বঙ্গাব্দ  
৩০/০৭/২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২-৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৬। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, বরিশাল অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ৭। জেলা প্রশাসক, বরগুনা (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ৮। পুলিশ সুপার, বরগুনা (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ৯। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরগুনা;
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর/আমতলী/বামনা/পাথরঘাটা/তালতলী/ বেতাগী, বরগুনা (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১২। সহকারী পরিচালক (অর্থ), নায়েম, ঢাকা;
- ১৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, বরিশাল অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১৪। জেলা শিক্ষা অফিসার, বরগুনা (প্রশিক্ষকগণের আবাসন ও ভেনুতে যাতায়াত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১৫। প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১৬। মহাপরিচালক, নায়েম এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ১৭। রূপকল্প সেল;
- ১৮। অফিস নথি।

২০/০৭/২০২১  
(প্রফেসর ড. তহসিনা আক্তার)

পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম  
ফোন: ০২ ৫৫১৬৭৫৩০

২৫/০৭/২০২১ বঙ্গাব্দ  
৩০/০৭/২০২১ খ্রিস্টাব্দ

২০/০৭/২০২১

মো: আব্দুল মান্নান চৌধুরী  
উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) ও  
কোর্স পরিচালক, সেল নম্বর: ০১৭১২-৬১২৯৯২